



স্মারক নম্বর: ০৫.৮৮.০০০০.০০৬.০২.০০৪.১৭.১০

তারিখ: ০৮ আগস্ট ২০২২।

বিষয়: Oracle based Database Application Design (১৩তম ব্যাচ) শীর্ষক সাক্ষ্যকালীন কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গ।

মহোদয়

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর বর্ষপঞ্জি ২০২২ - ২৩ অনুযায়ী Oracle based Database Application Design (১৩তম ব্যাচ) শীর্ষক সাক্ষ্যকালীন প্রশিক্ষণ কোর্সটি আগামী ১১ সেপ্টেম্বর হতে ৩০ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত ২০ (বিশ) কর্মদিবস মেয়াদে অনুষ্ঠিত হবে।

কোর্সটির গুরুত্ব ও প্রয়োজনীয়তাঃ

- ১) কোর্সটি সাক্ষ্যকালীন বিধায় কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করিলে দাপ্তরিক কাজের বিঘ্ন ঘটবে না।
- ২) কর্মকর্তাগণের ওরাকলের মাধ্যমে ডাটাবেজ তৈরি করতে পারা এবং ডাটাবেজ এপ্লিকেশন এপেক্স সম্পর্কে জ্ঞান, আইসিটি সক্ষমতা বাড়াবে।
- ৩) কর্মকর্তাগণের আইসিটি সক্ষমতা বৃদ্ধি পেলে ই-নথি ও ইজিপি সহ সরকারি কাজে ব্যবহৃত সফটওয়্যারের ডাটাবেজ সম্পর্কে জ্ঞান বৃদ্ধির পাশাপাশি সফটওয়্যার ব্যবহার সহজতর হবে।
- ৪) ব্যংক, রেজাল্ট প্রসেসিং সহ বড় সাইজের ডাটা ট্রানজেকশনের জন্য ব্যবহৃত ওরাকলের Cursor ও Trigger সম্পর্কে জানতে পারবেন।
- ৫) Apex এ স্বল্প কোড লিখে সফটওয়্যার তৈরি করতে পারবেন (প্রোগ্রামিং নলেজ না থাকলেও চলবে)।
- ৬) প্রশিক্ষণার্থীগণ ডাটা এন্ট্রি ফর্ম ও রিলেটেড রিপোর্ট তৈরি এবং কাস্টোমাইজড করতে পারবেন।

কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

- (১) প্রশিক্ষণার্থীর পর্যায় : বেসিক কম্পিউটার জ্ঞানসহ সরকারি, আধাসরকারি, স্বায়ত্ব শাসিত এবং বেসরকারি প্রতিষ্ঠান সমূহের ১০ম গ্রেড বা তদুর্ধ্ব কর্মকর্তাবৃন্দ।
- (২) কোর্সের সময়সূচী ও মেয়াদ : সপ্তাহে ০৩ (তিন) দিন। প্রতি রবি, মঙ্গল ও বুধবার।  
সন্ধ্যা ০৬:০০ থেকে রাত ০৮:৩০ পর্যন্ত ২০ কর্মদিবস।
- (৩) কোর্স ফি : ভ্যাট ও আইটি ব্যতিত কোর্স ফি ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা মাত্র।  
“মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, ঢাকা” বরাবরে নগদ অথবা ক্রসড্ চেক এর মাধ্যমে প্রদান করতে হবে। কোর্সে অংশগ্রহণের শর্ত হিসেবে রেজিস্ট্রেশনের পূর্বে কোর্স ফি পরিশোধ একান্ত আবশ্যিক।
- (৪) কোর্সের উদ্দেশ্য :
  ০১. To acquaint with Oracle database and its data access techniques
  ০২. To build capacity on Oracle schema definition and CRUD operation
  ০৩. To build capacity on pl/sql program writing for Oracle Database
  ০৪. To build capacity on web application development using Oracle Application Express (APEX)
- (৫) পাঠ্যসূচি :
  ০১. Module 1 – Introduction and overview of Database and Oracle Data Access
  ০২. Module 2 – Introduction to SQL (DDL and DML)
  ০৩. Module 3 – PL/SQL
  ০৪. Module 4 – Application Development with Oracle APEX
- (৬) কোর্সের সুবিধাদি :
  - প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য কম্পিউটার (ল্যাব ভিত্তিক ক্লাসের জন্য)।
  - শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী কক্ষ।
  - মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন সিস্টেম।
  - নেটওয়ার্ক ভিত্তিক কম্পিউটার ল্যাব।
  - কোর্স ম্যাটেরিয়ালস প্রদান;
- (৭) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ২৫ জন।
- (৮) আবাসিক/অনাবাসিক : কোর্সটি অনাবাসিক এবং সাক্ষ্যকালীন।
- (৯) মনোনয়নের শেষ তারিখ : ০৮ সেপ্টেম্বর, ২০২২।